সমকাল

তারিখ 23 JUN 2015
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# চাকরির দাবিতে ইবি ভিসি অফিসে ছাত্রলীগের তালা

■ ইবি প্রতিনিধি

শিক্ষক পদে নিয়োগের দাবিতে সোমবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপাচার্য অফিসে তালা লাগিয়ে দিয়েছেন চাকরিপ্রত্যাশী ছাত্রলীগের সাবেক কমিটির নেতাকর্মীরা। এক পর্যায়ে তারা প্রশাসন ভবনের কলাপসিবল গেটসহ সব অফিসে তালা লাগিয়ে দিয়ে কর্মকর্তা-কর্মচারীদের অফিস থেকে বের করে দেন। তাদের বাধার কারণে বিশ্ববিদ্যালয়ের কোনো গাড়ি ২টার পর ক্যাম্পাসে প্রবেশ করতে পারেনি। চাকরির বিষয়টি নিশ্চিত না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব ধরনের একাডেমিক ও প্রশাসনিক কাজে বাধা ও অনির্দিষ্টকালের জন্য পরিবহন ধর্মঘটের ডাক দিয়েছেন তারা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়: শিক্ষক পদে চাকরির দাবিতে সোমবার দেড়টার দিকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক কমিটির কেন্দ্রীয় সদস্য আশিকুর রহমান জাপান, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিকুর রহমান হিটলার, যুগ্ম-সাধারণ সম্পাদক মাহমুদ হাসান লেলিন, মিজানুর রহমান টিটু, কাশেম মাহমুদ, ছাত্রলীগ কর্মী মোহাম্মদ আলী শিমুল, মাসুদ রানাসহ ১২-১৫ জন চাকরিপ্রত্যাশী উপাচার্য অফিসে গিয়ে কর্মকর্তা-কর্মচারীদের বের করে দিয়ে তালা লাগিয়ে দেন। এক পর্যায়ে তারা প্রশাসন ভবনের সব অফিস কক্ষে তালা লাগিয়ে দেন এবং কর্মকর্তা-কর্মচারীদের বের করে দেন।

উপাচার্যের ব্যক্তিগত সহকারী মীর জিল্লুর রহমান সমকালকে বলেন, 'কিছু চাকরিপ্রত্যাশী অফিসে এসে আমাদর বের হয়ে যেতে বলেন এবং অফিসে তালা লাগিয়ে দেন। তবে এ সময় উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকার তার কার্যালয়ে ছিলেন না বলে তিনি জানান। উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শাহিনুর রহমান ও রেজিস্ট্রার ড. মসলেম উদ্দিন অফিসে ছিলেন। তাদের বাধার কারণে কুষ্টিয়া-ঝিনাইদহ শহর থেকে আসা দুপুর ২টা পর্যন্ত কোনো বাস ক্যাম্পাসে প্রবেশ করতে পারেনি।